# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ২. ৫. আদিপুস্তকের উদ্ধৃতিতে প্রেরিত পুস্তকের বিকৃতি

প্রেরিত ৭/১৪ (মো.-১৩: ‘‘পরে ইউসুফ তাঁর পিতা ইয়াকুবকে এবং তাঁর সমস্ত জ্ঞাতিকে নিজের কাছে ডেকে পাঠালেন। তাঁরা সংখ্যায় মোট পঁচাত্তর জন ছিলেন।’’

এ বক্তব্য থেকে জানা যায় যে, ইউসুফ (আ.) ও তাঁর সন্তানরা যারা এ ঘটনার আগেই মিসরে অবস্থান করছিলেন, তারা বাদেও যোষেফের জ্ঞাতি বা ইস্রায়েল সন্তানরা, যারা মিসরে গমন করলেন, তাদের সংখ্যা ছিল ৭৫ জন।

পক্ষান্তরে পয়দায়েশ বা আদিপুস্তকের ৪৬ অধ্যায়ের ২৭ শ্লোকে বলা হয়েছে: ‘‘ইয়াকুবের পরিজন, যারা মিসরে গেল, তাঁরা সর্বমোট সত্তর জন।’’

এ সত্তরের মধ্যে যোষেফ ও তার দু পুত্রও রয়েছেন। বাইবেলে তাদের বিস্তারিত বিবরণ ও নাম উল্লেখ করা হয়েছে। ইয়াকুবের দু’ স্ত্রী লেয়া ও রাহেল (রাহেলা) এবং দুই দাসী সিল্পা ও বিলহা। লেয়ার সন্তানরা তেত্রিশ (৩৩) জন, সিল্পার (সিল্পপার) সন্তানরা ষোল (১৬) জন। রাহেলোর সন্তানরা চৌদ্দ (১৪) জন ও  বিল্হার সন্তানরা সাত (৭) জন। মোট ৭০ জন। (আদিপুস্তক ৪৬/৮-২৭)।

এ থেকে প্রমাণ হয় যে, প্রেরিত পুস্তকের বর্ণনা বিকৃত বা অসত্য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14213

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন